দৈনিক ইত্তেফাক
তারিখ 0 8 SEP 1996
পৃষ্ঠা ১ কলাম ৮

# শেষ সময় আজ সকাল ৯টা

## বহিরাগতদের ঢাকা ভার্সিটির হল ত্যাগের নির্দেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ অস্ত্র উদ্ধারে পুলিশ গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলে প্রায় ১ঘন্টা তল্লাশী চালাইয়া কোন কিছুই উদ্ধার করিতে পারে নাই। অপরাহ্ণ ২টা হইতে ৩টা পর্যন্ত হলের গেষ্ট রুম, টিভি রুমসহ সন্দেহমূলক কয়েকটি রুমে তল্লাশী চালায়। এদিকে গতকাল ভারপ্রাপ্ত ভিসির সভাপতিত্বে অনুষ্ঠিত হলসমূহের প্রভোষ্ট ও হাউজ টিউটরদের এক সভায় আজ (রবিবার) সকাল ৯টার মধ্যে সকল অছাত্র ও বহিরাগতকে হল ত্যাগের নির্দেশ প্রদান করা হইয়াছে। পাশাপাশি সকাল ৯টায়ই হলের সকল ছাত্র-ছাত্রীকে সাময়িকভাবে হল গেইটের বাহিরে আসিয়া অবস্থান করিতে বলা হইয়াছে। পরিচয়পত্র দেখিয়া বৈধ ছাত্র-ছাত্রীদের (১১শ পৃঃ দ্রঃ)

### শেষ সময় সকাল ৯টা

( ১ম পৃঃ পর )

হলে প্রবেশ করান হইবে। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ নূরউন নবী ছাত্র নেতৃবৃন্দ কর্তৃক স্বাক্ষরিত সমঝোতানামা পড়িয়া শোনান। হল সমূহের নোটিস বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞপ্তি টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে।

এদিকে সমঝোতা চুক্তির শর্তানুযায়ী গতকাল দুপুরে মুহসীন হলের প্রধান গেট উন্মুক্ত করিয়া দেওয়া হইয়াছে। ছাত্রলীগ হলটি নিয়ন্ত্রণে নেওয়ার পর দুই সপ্তাহ পূর্বে ঐ গেটটি ওয়েল্ডিং মেশিনের সাহায্যে বন্ধ করিয়া দেয় এবং দক্ষিণ পার্শ্বের গেটটি উন্মুক্ত করে।

ছাত্রলীগ নেতৃবৃন্দ গতকাল ভিসির নিকট সমঝোতা চুক্তি ভঙ্গের জন্য ছাত্রদলকে দায়ী করিয়া একটি অভিযোগনামা দাখিল করিয়াছে। ছাত্র লীগ বলিয়াছে সমঝোতা শর্ত ভঙ্গ করিয়া ছাত্রদল গতকাল ক্যাম্পাসে তাহাদের মিছিল এবং সমাবেশে উস্কানিমূলক ও অশালীন বক্তব্য ও শ্লোগান দিয়াছে। এদিকে ছাত্রদল নেতৃবৃন্দ বলিয়াছেন, সমঝোতায় হল প্রভোষ্ট বা সংশ্লিষ্ট শিক্ষকদের অনুমতি নিয়া পুলিশের হল তল্লাশীর শর্ত থাকিলেও পুলিশ অনুমতি ছাড়াই গতকাল সূর্যসেনহলে তল্লাশী চালায়।